

# ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয় যাত্রা শুরুর প্রথম ভর্তি পরীক্ষা আগামী ২২-২৩ আগস্ট!

রুমান হাসান তামিম, কন্ট্রিবিউটিং রিপোর্টার, ঢাকা

প্রকাশিত: ০০:২৭, ২৫ জুলাই ২০২৫; আপডেট: ০০:২৯, ২৫ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকার সাতটি সরকারি কলেজ নিয়ে গঠিত নতুন প্রস্তাবিত সরকারি বিশ্ববিদ্যালয় ‘ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়’ (ডিসিইউ) প্রথমবারের মতো নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা আয়োজন করতে যাচ্ছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২২ আগস্ট বিকেলে এবং ২৩ আগস্ট সকাল ও বিকেল—মোট তিন শিফটে।

আজ বৃহস্পতিবার (২৪ জুলাই) ঢাকা কলেজের অধ্যক্ষ এবং ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াস বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, “ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সর্বশেষ সভায় পরীক্ষার সময়সূচি, কাঠামো এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী

২২ আগস্ট বিকেলে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ২৩ আগস্ট সকালে বিজ্ঞান অনুষদ এবং বিকেলে বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বুয়েট ভর্তি পরীক্ষায় প্রযুক্তিগত সহযোগিতা প্রদান করবে।”

**থাকছে সেকেন্ড টাইম ও নেগেটিভ মার্কিং, কমছে আসন!**

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, এবার আসন সংখ্যা যৌক্তিক উপায়ে কমিয়ে আনা হয়েছে, যাতে মানসম্মত ভর্তি নিশ্চিত করা যায়। পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকবে এবং আগ্রহী শিক্ষার্থীরা সেকেন্ড টাইম পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

ভর্তি পরীক্ষার চূড়ান্ত বিজ্ঞপ্তি আগামী সোমবার (২৯ জুলাই) অনলাইনে প্রকাশ করা হবে বলে জানানো হয়েছে।

গত ৯ জুলাই শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা এক স্মারকে সাত কলেজের জন্য পৃথক এই ভর্তি কার্যামোর অনুমোদন দেওয়া হয়, যেখানে স্পষ্টভাবে বলা হয়—রাজধানীর সাতটি কলেজে এবারের ভর্তি পরীক্ষা ‘ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়’ প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।

এই যাত্রার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাতটি কলেজের যুগ শেষ হলো। এখন থেকে এই সাত কলেজ সরাসরি নতুন প্রতিষ্ঠিত ‘ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়’ নামক স্বাধীন পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত হবে। অর্থাৎ শিক্ষা, প্রশাসন, ভর্তি, পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয় নয়, নতুন বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতিমালায় চলবে।

এক্ষেত্রে নতুন বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ জারির হওয়ার আগ পর্যন্ত ইউজিসি এবং অন্তর্বর্তী প্রশাসনের অধীনে সকল কার্যক্রম চলবে।

### সাতটি সরকারি কলেজ:

১. ঢাকা কলেজ
২. ইডেন মহিলা কলেজ
৩. বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ
৪. সরকারি বাঙলা কলেজ
৫. কবি নজরুল সরকারি কলেজ
৬. সরকারি তিতুমীর কলেজ
৭. শহীদ সোহরাওয়ার্দী কলেজ

এই সাতটি কলেজ এখন থেকে ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ের পরিচয়ে গণ্য হবে।

## ভবিষ্যৎ পরিকল্পনা ও চ্যালেঞ্জ:

ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্টরা মনে করছেন, এ উদ্যোগ শিক্ষার মানোন্নয়ন ও প্রশাসনিক জটিলতা দূর করতে সাহায্য করবে। তবে একই সাথে এটি একটি বড় চ্যালেঞ্জও বটে। আলাদা সিলেবাস, স্বতন্ত্র শিক্ষক নিয়োগ প্রক্রিয়া, এবং পরীক্ষা ব্যবস্থাপনার নতুন কাঠামো বাস্তবায়নে সময় ও দক্ষতা প্রয়োজন হবে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), শিক্ষা মন্ত্রণালয় এবং বুয়েটের প্রযুক্তিগত সহায়তায় এই রূপান্তর সফল করার জন্য কাজ চলছে।